

সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৮০১

8৫/ श्योलण (کتاب الفضائل)

পরিচ্ছেদঃ ১১. নবী করীম (্ৠৄর্ভ্র্) এর বীরত্ব এবং যুদ্ধে তার আগ্র থাকা

باب فِي شَجَاعَةِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَتَقَدُّمِهِ لِلْحَرْبِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى التَّمِيمِيُّ، وَسَعِيدُ بْنُ مَنْصُورٍ، وَأَبُو الرَّبِيعِ الْعَتَكِيُّ، وَأَبُو كَامِلٍ _ وَاللَّفْظُ لِيَحْيَى _ قَالَ يَحْيَى أَخْبَرَنَا وَقَالَ الآخَرَانِ، حَدَّثَنَا _ حَمَّادُ بْنُ زَيْدٍ، عَنْ تَابِتٍ، عَنْ أَنسِ بْنِ مَالِكِ، قَالَ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم أَحْسَنَ النَّاسِ وَكَانَ أَشْجَعَ النَّاسِ وَلَقَدْ فَزِعَ أَهْلُ الْمَدِينَةِ ذَاتَ لَيْلَةٍ فَانْطَلَقَ نَاسٌ قِبَلَ أَجْوَدَ النَّاسِ وَكَانَ أَشْجَعَ النَّاسِ وَلَقَدْ فَزِعَ أَهْلُ الْمَدِينَةِ ذَاتَ لَيْلَةٍ فَانْطَلَقَ نَاسٌ قِبَلَ الصَّوْتِ وَهُوَ السَّوْتِ وَهُو السَّيْفُ وَهُو يَقُولُ " لَمْ تُرَاعُوا لَمْ تُرَاعُوا ". قَالَ " وَكَانَ فَرَسَ لِأَبِي طَلْحَةَ عُرْى فِي عُنُقِهِ السَّيْفُ وَهُو يَقُولُ " لَمْ تُرَاعُوا لَمْ تُرَاعُوا ". قَالَ " وَجَدْنَاهُ بَحْرًا أَقْ إِنَّهُ لَبَحْرٌ " . قَالَ وَكَانَ فَرَسًا يُبَطَّأُ .

বাংলা

৫৮০১। ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া তামীমী, সাঈদ ইবনু মানসুর, আবূ রবী আতাকী ও আবূ কামিল (রহঃ) ... আনাস ইবনু মালিক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম সকল মানুষের মধ্যে অতি সুন্দর, অতি দানশীল এবং শ্রেষ্ঠ বীর ছিলেন। কোন এক রাতে মদিনাবাসীরা ঘাবড়িয়ে পড়েছিল। যেদিক থেকে শব্দ আসছিল, লোকেরা সেদিকে ছুটে চলল। পথে রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে তাদের সাক্ষাৎ হয় ও তখন তিনি ফিরে আসছিলেন। কারণ শব্দের দিকে প্রথম তিনই ছুটে গিয়েছিলেন। তখন তিনি আবূ তালহা (রাঃ) এর জ্বীনবিহীন ঘোড়ায় আরোহিত ছিলেন। তার কাঁধে তরবারি ছিল। তিনি বলছিলেনঃ তোমরা ভীত হয়ো না, তোমরা তীত হয়ো না। তিনি আরো বললেনঃ আমি এ ঘোড়াকে পেয়েছি সমুদ্রের মতো। অথবা বললেন, এ তো সমুদ্র। ইতিপূর্বে এটি ছিল ধীর গতির একটি ঘোড়া।

English

Anas b. Malik reported that Allah's Messenger (ﷺ) was the sublimest among people (in character) and the most generous amongst them and he was the



bravest of men. One night the people of Medina felt disturbed and set forth in the direction of a sound when Allah's Messenger () met them on his way back as he had gone towards that sound ahead of them. He was on the horse of Abu Talha which had no saddle over it, and a sword was slung round his neck, and he was saying:

There was nothing to be afraid of, and he also said: We found it (this horse) like a torrent of water (indicating its swift-footedness), whereas the horse had been slow before that time.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন